

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৮১

১/ বিবিধ

আরবী

أربع لا يصبن إلا بعجب: الصمت - وهو أول العبادة - ، والتواضع، وذكر الله، وقلة الشيء
موضوع

رواه ابن حبان في " الضعفاء " (2 / 185) والطبراني (1 / 65 / 2) وابن عدي في " الكامل " (1 / 81) وأبو طاهر الزيادي في " ثلاثة مجالس " (1 / 193) والحاكم في " المستدرک " (4 / 311) وتمام في " الفوائد " (2 / 153 ، 1 / 267) عن العوام بن جويرية عن الحسن عن أنس بن مالك مرفوعا
وقال ابن عدي: " الأصل فيه موقوف من قول أنس ". قلت: وعلة المرفوع ابن جويرية هذا، قال ابن حبان: كان يروي الموضوعات عن الثقات ". ثم ساق له هذا الحديث هو والذهبي ثم قال هذا: " قلت: والعجب أن الحاكم أخرجه في (المستدرک) قلت: ورد عليه في " تلخيص المستدرک " أيضا بقول ابن حبان المذكور. والحديث أورده ابن الجوزي في " الموضوعات " من رواية ابن عدي وقال (3 / 135) : " لا يصح، العوام يروي الموضوعات عن الثقات، وكان يأتي بالشيء على التوهم لا التعمد، فلا يحتج به ". ولم يتعقبه السيوطي في " اللآلي " (2 / 319 - 320) إلا بأن الحاكم أخرجه في " المستدرک " والبيهقي في " الشعب " من هذا الوجه وهذا تعقب لا طائل تحته كما هو بين، فمن العجيب أن يورد السيوطي الحديث في " الجامع الصغير " من رواية الطبراني والحاكم والبيهقي! فتعقبه المناوي بما خلاصته:

" سكت المصنف عليه فأوهم أنه لا علة فيه، وهو اغترار بقول الحاكم " صحيح
وغفل عن تشنيع الذهبي في " التلخيص " والمنذري والحافظ العراقي عليه بأن فيه
العوام بن جويرية ". ثم ذكر كلام ابن حبان فيه، وتعجب الذهبي من إخراج الحاكم
للحديث. ثم قال: " ومن ثم أورده ابن الجوزي في " الموضوعات ". وتعقبه المصنف
فلم يأت بطائل كعادته

قلت: وجزم ابن أبي حاتم في " العلل " (2 / 114) بأنه موقوف على الحسن أو أنس

বাংলা

৭৮১। চারটি বস্তু আশ্চর্য হওয়ার মাধ্যমেই অর্জিত হয়। চুপ থাকা-এটি ইবাদাতের প্রথম- বিনম্রতা, আল্লাহকে স্মরণ করা, প্রতিটি বস্তুর অল্প হওয়া।

হাদিছটি জাল।

এটি ইবনু হিব্বান "আয-যোয়াফা" (২/১৮৫) গ্রন্থে, তাবারানী (১/৬৫/২), ইবনু আদী "আল-কামিল" (১/৮১) গ্রন্থে, আবু তাহের আয-যিয়াদী "ছালাছাতু মাজালেস" (১/১৯৩) গ্রন্থে, হাকিম "আল-মুসতাদরাক" (৪/৩১১) গ্রন্থে এবং তাম্মাম "আল-ফাওয়ায়েদ" (২/১৫৩, ১/২৬৭) গ্রন্থে আল-আওয়াম ইবনু জুওয়াইরিয়্যাহ হতে তিনি আল-হাসান হতে তিনি আনাস ইবনু মালেক (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন। ইবনু আদী বলেনঃ আসলে এটি মওকুফ, আনাস (রাঃ)-এর কথা।

আমি (আলবানী) বলছিঃ মারফু হওয়ার সমস্যা হচ্ছে এই ইবনুল জুওয়াইরিয়্যাহ। তার সম্পর্কে ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বানোয়াট হাদীছ বর্ণনা করতেন।

অতঃপর তিনি ও হাফিয যাহাবী তার এ হাদীছটি উল্লেখ করে বলেছেনঃ আশ্চর্যের ব্যাপার এই যে, হাকিম হাদীছটি "আল-মুসতাদরাক" গ্রন্থে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি (যাহাবী) "তালখীসুল মুসতাদরাক" গ্রন্থেও ইবনু হিব্বানের কথা উল্লেখ করে তার প্রতিবাদ করেছেন।

হাদীছটি ইবনুল জাওয়ী "আল-মাওয়ু'আত" গ্রন্থে ইবনু আদীর বর্ণনা হতে উল্লেখ করে (৩/১৩৫) বলেছেনঃ এটি সহীহ নয়। আল-আওয়াম নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে বানোয়াট হাদীছ বর্ণনাকারী। তিনি সন্দেহ বশত কিছু বস্তু নিয়ে আসতেন ইচ্ছাকৃত নয়, তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না।

তা সত্ত্বেও সুয়ূতী হাদীছটি "আল-জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করেছেন। ইবনু আবী হাতিম "আল-ইলাল"

(২/১১৪) গ্রন্থে দৃঢ়তার সাথে বলেছেনঃ এটি হাসান বা আনাস (রাঃ) হতে মওকুফ।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71660>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন